

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আই পি এইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

তারিখঃ ০২/১০/২০২০খ্রিঃ

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.১৫১.২০- ২০২

বিষয়ঃ বিষয়ভিত্তিক শিক্ষকগণের নামের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরারধীন সরকারি নার্সিং কলেজসমূহে কর্মরত শিক্ষকগণের বিষয় ভিত্তিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উন্নততর প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রতিটি নার্সিং কলেজে কর্মরত শিক্ষকগণকে তাদের যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনা করে বিষয় ভিত্তিক শিক্ষক হিসেবে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বিষয় বন্টন করবেন। অতঃপর বিষয় ভিত্তিক নামের তালিকা নিম্নের ছক অনুযায়ী আগামী ১০/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার বরাবর প্রেরণ করবেন। তালিকা প্রাপ্তির পর তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমিক নং	নার্সিং কলেজের নাম	শিক্ষকের নাম	পাঠদানের বিষয়	মোবাইল নম্বর ও আইডি নম্বর

(২) এমতাবস্থায়, স্ব স্ব কলেজের অধ্যক্ষগণকে কর্মরত শিক্ষকদের মধ্যে বিষয় ভিত্তিক দায়িত্ব বন্টন পূর্বক তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে শিক্ষক যে বিষয়ের উপর উন্নততর প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং সেই বিষয়ে দায়িত্ব বন্টন করা হবে, পরবর্তীতে তা আর পরিবর্তন করা যাবে না।

মোহাম্মদ আব্দুল হাই, পিএএ
উপসচিব
পরিচালক (শিক্ষা ও প্রশিক্ষণ)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ
নার্সিং কলেজ (সকল),

অনুলিপি জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। অতিরিক্ত সচিব(চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপপরিচালক (শিক্ষা ও প্রশিক্ষণ), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ডিজিএনএম এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৭। পিএ টু মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।